

বাংলাদেশ দূতাবাস

বেইজিং

৩০ মে ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

যথাযথ মর্যাদায় বাংলাদেশ দূতাবাস, বেইজিং-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর
'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন

আজ ৩০ মে ২০২৩ তারিখে যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ দূতাবাস, বেইজিং-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন করা হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের বিদেহী আত্মার মাগফিরাত এবং দেশের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। এরপর বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয় এবং দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয়।

চীনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন, এনডিসি তার বক্তব্যের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর জীবনের মূলনীতি ছিল শান্তির লক্ষ্যে কাজ করা এবং তাঁর ঘোষিত 'সকলের সাথে বন্ধুত্ব, কারও প্রতি বৈরিতা নয়' শান্তির বাণী-ই বাংলাদেশের পররাষ্ট্র নীতির মূলমন্ত্র। তিনি আরো উল্লেখ করেন যে, বঙ্গবন্ধু সবসময় একটি অসাম্প্রদায়িক বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন। সদ্য স্বাধীন হওয়া বাংলাদেশের জাতির পিতার প্রথম আন্তর্জাতিক শান্তি পদক প্রাপ্তি দেশের জন্য অত্যন্ত গর্বের ও আনন্দের।

রাষ্ট্রদূত জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য উত্তরসূরী প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ স্বপ্নের 'সোনার বাংলা' বাস্তবায়নের পথে এগিয়ে যাচ্ছে বলে উল্লেখ করে তিনি অনুষ্ঠানে উপস্থিত সবাইকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে যার যার অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে জাতির পিতার জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

